ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-২০৪৩
বিলোনীয়া, ৩১ জুলাই, ২০২৫

**পিএম - অজয় প্রকল্পে রাজনগর ব্লকের ৫৭ জন মাছচাষী উপকৃত**

গত অর্থবছরে পিএম-অজয় প্রকল্পে রাজনগর ব্লকের তপশিলি জাতিভুক্ত ৫৭ জন মাছ চাষীকে আর্থিক সহায়তা প্রদান করা হয়েছে। ০.০৮ হেক্টর জলাশয় রয়েছে এমন মাছচাষীদের প্রত্যেককে ৩৪ হাজার টাকা করে আর্থিক সহায়তা প্রদান করা হয়েছে। এই প্রকল্পে মোট ১৯ লক্ষ ৩৮ হাজার টাকার আর্থিক সহায়তা প্রদান করা হয়েছে। মোট ৪.৫৬ হেক্টর জলাশয় এই প্রকল্পের আওতায় এসেছে। বিলোনীয়াস্থিত মৎস্য দপ্তরের উপঅধিকর্তার কার্যালয় থেকে এই সংবাদ জানানো হয়েছে।

*****